# বাংলাদেশসহ এশিয়ার পাঁচ দেশের সফর স্থগিত করলেন ইতালির প্রধানমন্ত্রী মেলোনি



সংগৃহীত ছবি

ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি বাংলাদেশসহ এশিয়ার পাঁচটি দেশে নির্ধারিত সফর আপাতত স্থগিত করেছেন। ৩০ আগস্ট ঢাকায় এসে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকের কথা থাকলেও ইউক্রেন যুদ্ধসংক্রান্ত ব্যস্ততার কারণে এশিয়া সফর বাতিল করা হয়েছে।

বাংলাদেশসহ এশিয়ার পাঁচটি দেশে সফর বাতিল করেছেন ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি। বৃহস্পতিবার (২১ আগস্ট) বাংলাদেশ সরকারকে আনুষ্ঠানিকভাবে এ সিদ্ধান্ত জানানো হয়।

সফরের শুরুতে তিনি ৩০ আগস্ট ঢাকায় এসে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করার কথা ছিল। এরপর সিঙ্গাপুর, ভিয়েতনাম, দক্ষিণ কোরিয়া ও জাপান সফরও তার সূচিতে অন্তর্ভুক্ত ছিল।

কূটনৈতিক সূত্র জানিয়েছে, ইউক্রেন যুদ্ধ নিয়ে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে আলোচনায় ন্যাটোভুক্ত দেশগুলোর অন্যতম গুরুত্বপূর্ণ নেতা হিসেবে ইতালির ভূমিকা বাড়ায় প্রধানমন্ত্রী মেলোনির সময়সূচি পরিবর্তন হয়েছে। এ কারণেই তার এশিয়া সফর আপাতত স্থগিত করা হয়েছে।

LENS ASIA